**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.lged.gov.bd

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৭.০৪৬.২৬-১৬২

তারিখ: ২৯/০৪/২০২৫ ইং

## অফিস আদেশ

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় সকল ক্রয়কারীকে বিভিন্ন ক্রয়কার্যের বিল হতে উৎসে মূল্য সংযোজন কর (ভ্যাট) ও আয়কর (আইটি) কর্তনের ক্ষেত্রে সংশ্লিষ্ট আইন/বিধি এবং জাতীয় রাজস্ব বোর্ডের কর নীতি উইং কর্তৃক প্রদত্ত মতামত (সংযুক্তি-১,২,৩) অনুযায়ী নিম্নোক্তভাবে ভ্যাট এবং আয়কর কর্তনের জন্য বলা হলো।

১। ভিত্তিমূল্য নিরূপণ:

চুক্তি অনুসারে যদি মোট পরিশোধিত বিলের মধ্যে মূল্য সংযোজন কর (ভ্যাট) অন্তর্ভূক্ত থাকে তবে উক্ত বিল থেকে প্রযোজ্য হারে ভ্যাট বাদ দিয়ে ভিত্তিমূল্য (Base value) নিরূপণ করতে হবে (অর্থাৎ ভিত্তিমূল্য = ভ্যাটসহ বিল-ভ্যাট);

২। ভ্যাট নিরূপণ:

মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ২ (২৯) অনুযায়ী, চুক্তিমূল্য ভ্যাট Inclusive হলে ভ্যাট নিরুপণের জন্য কর ভগ্নাংশ পদ্ধতি ব্যবহার করতে হবে।

$$\text{অর্থাৎ, ভ্যাট} = \frac{\text{বিল x ভ্যাট হার}}{\text{১০০ + ভ্যাট হার}}$$

৩। আয়কর কর্তন:

ভিত্তিমূল্য এর উপর প্রযোজ্য হারে উৎসে আয়কর কর্তন করতে হবে।
অর্থাৎ, ভিত্তিমূল্য = ভ্যাটসহ বিল - ভ্যাট
উৎসে কর্তনযোগ্য আয়কর = ভিত্তিমূল্য x আয়কর হার (%)
ঠিকাদারকে নীট প্রদেয় = (ভ্যাটসহ বিল - ভ্যাট) - আয়কর

এমতাবস্থায়, উপর্যুক্ত বিষয়সমূহ বিবেচনা করে বিল পরিশোধের ক্ষেত্রে ভ্যাট এবং আয়কর নিরুপণের জন্য নির্দেশনা প্রদান করা হলো এবং ভ্যাট ও আইটি নিরূপণের একটি উদাহরণ (সংযুক্তি-৪) অত্রসাথ সংযুক্ত করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ০৪ প্রস্থ

২৯/৪/২৫
**(মোঃ বেলাল হোসেন)**
প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)
ফোন: ০২-৫৫০০৭২৪৮
ই-মেইল: ce@lged.gov.bd

অনুলিপি (কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর/বিভাগ।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর/অঞ্চল।
৩। প্রকল্প পরিচালক (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৪। নির্বাহী প্রকৌশলী (সকল), এলজিইডি, জেলা:.......................................................।
৫। উপজেলা প্রকৌশলী (সকল), এলজিইডি, .......................উপজেলা, জেলা: ....................................।

**উদাহারণ:**

কার্য ক্রয়ের কোন চুক্তির ক্ষেত্রে যদি ভ্যাট ও আইটিসহ পরিশোধযোগ্য মোট বিলের পরিমাণ ১০০ টাকা হয় এবং ভ্যাট ও আইটির হার যথাক্রমে ১০% ও ৫% হয়, সেক্ষেত্রে ঠিকাদারের বিল পরিশোধের ক্ষেত্রে নিম্নোক্ত ছক/সূত্র অনুযায়ী কর্তন করতে হবে:

| ক্রমিক | বিষয় | NBR এর নির্দেশিত হিসাব | |
|---|---|---|---|
| ১ | পরিশোধযোগ্য মোট বিলের পরিমাণ (ভ্যাট ও আইটিসহ) (A) | A | ১০০.০০ টাকা |
| ২ | ভ্যাট কর্তন (১০%) (B) | B = A*১০ / (১০০+১০) | ৯.০৯ টাকা |
| ৩ | ভ্যাট ব্যতীত এবং আইটিসহ বিলের পরিমাণ **(ভিত্তি মূল্য)** (C) | C = A - B | ৯০.৯১ টাকা |
| ৪ | আইটি (৫%) (D) | D = C*০.০৫ | ৪.৫৫ টাকা |
| ৫ | ভ্যাট ও আইটি ব্যতীত বিলের পরিমাণ **(ঠিকাদারকে নীট প্রদেয়)** (E) | E = C - D | ৮৬.৩৬ টাকা |

* ক্রয়ের ধরন অনুযায়ী ভ্যাট এবং আইটির হার পরিবর্তন হবে।

* চুক্তি বাস্তবায়নকালে ভ্যাট/আইটির হার পরিবর্তন হলে পিপিআর ২০২৫ এর বিধি ৫০ (১৬) প্রযোজ্য হবে।

সংযুক্তি-১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

[ মূসক আইন ও বিধি শাখা ]

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.২২.০৫৫.১৪/ 2 ৯ 1

তারিখঃ ০৭ ভাদ্র, ১৪২৯ বঙ্গাব্দ।
২২ আগস্ট, ২০২২ খ্রিষ্টাব্দ।

বিষয়ঃ নির্মাণ সংস্থার কাজের বিপরীতে পরিশোধিত বিলের উপর উৎসে কর্তনের বিষয়টি স্পষ্টীকরণ।

সূত্রঃ (১) CHINA STATE CONSTRUCTION ENGINEERING CORP. LTD এর পত্র স্মারক নং- CSCECL/NBR/2022/06/21 ; তারিখ- ২১ জুন, ২০২২ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, সূত্রীয় পত্রের মাধ্যমে বিল হতে উৎসে মূল্য সংযোজন কর (মূসক) কর্তনের বিষয়টি স্পষ্টীকরণের জন্য অনুরোধ করা হয়েছে।

০২। বিষয়টি পর্যালোচনা করা হয়েছে। পর্যালোচনায় দেখা যায় যে, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ১৫ মোতাবেক করযোগ্য সরবরাহের ক্ষেত্রে সরবরাহ মূল্যের সাথে মূসক হার গুণ করে প্রদেয় মূল্য সংযোজন কর নিরূপন ও নির্ধারণ করতে হবে। এখানে "সরবরাহ মূল্য" বলতে মূসক ব্যতীত ভিত্তিমূল্যকে বুঝানো হয়েছে। এ বিষয়টি উদাহরণ-১ এর মাধ্যমে বিষয়টি নিয়ে ব্যাখ্যা করা হলো।

০৩। অপরদিকে, একই আইনের ধারা ৩২ অনুযায়ী কোন করযোগ্য সরবরাহের পণের মধ্যে মূসক অন্তর্ভুক্ত থাকলে করভগ্নাংশের সমপরিমাণ অর্থ বিয়োগ করে যা পাওয়া যাবে তাই হলো সরবরাহমূল্য। এখানে "পণ" বলতে সরবরাহ মূল্য ও মূসক একত্রে মোট মূল্যকে বোঝানো হয়েছে।

০৪। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ২(২৯) অনুযায়ী কর ভগ্নাংশ হলো R/(১০০+R) যেক্ষেত্রে, R হলো মূসক হার। এ বিষয়টি উদাহরণ-২ এর মাধ্যমে নিয়ে ব্যাখ্যা করা হলো।

উদাহরণ-১: ধরা যাক, মূসক ব্যতিরেকে কোন সরবরাহের মূল্য ২০০ টাকা এবং প্রযোজ্য মূসক ১৫%। সুতরাং, এক্ষেত্রে প্রদেয় মূল্য সংযোজন কর হবে, ২০০ X ১৫% = ৩০ টাকা। অর্থাৎ মূসক সহ মোট মূল্য (বা পণ) হবে ২৩০ টাকা।

উদাহরণ-২: ধরা যাক, মূসক সহ কোন সরবরাহের পণ ২০০ টাকা এবং প্রযোজ্য মূসক ১৫%। এক্ষেত্রে কর ভগ্নাংশ হবে ১৫/১১৫। সুতরাং মূসক ব্যতীত সরবরাহ মূল্য হবে ২০০ - ২০০ X ১৫/১১৫ = ১৭৪ টাকা এবং মূসক হবে ২৬ টাকা।

০৫। এক্ষেত্রে উল্লেখ্য যে, মূল্য সংযোজন কর আরোপের লক্ষ্যে ভিত্তিমূল্য কী হবে তা চুক্তির ভাষ্য অনুযায়ী নির্ধারিত হবে। তবে কোন চুক্তিতে মূসকের বিষয়টি স্পষ্টভাবে উল্লেখ না থাকলে বিদ্যমান আইন অনুযায়ী চুক্তিমূল্যকে মূসক Inclusive ধরে হিসাব করতে হবে।

০৬। বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।

22/08/22

[ কাজী রেজাউল হাসান ]
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)
ফোনঃ ৮৩১৮১২০, এক্সঃ ৩৪৮
ই-মেইলঃ vatpolicy@gmail.com

প্রাপকঃ

ব্যবস্থাপনা পরিচালক
CHINA STATE CONSTRUCTION ENGINEERING CORP. LTD
বাড়ী-৪, রোড নং-৬, বারিধারা, ঢাকা।

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.২২.০৫৫.১৪

তারিখঃ ০৭ ভাদ্র, ১৪২৯ বঙ্গাব্দ।
২২ আগস্ট, ২০২২ খ্রিষ্টাব্দ।

অনুলিপি :

০১। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।

[ কাজী রেজাউল হাসান ]
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)
ফোনঃ ৮৩১৮১২০, এক্সঃ ৩৪৮
ই-মেইলঃ vatpolicy@gmail.com

সংযুক্তি-২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
[কর নীতি উইং]
www.nbr.gov.bd

পত্র নম্বর-০৮.০১.০০০০.০৩০.০৭.০২৪.২৩/ ১৬২ তারিখ: ২৮ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ / ১৩ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: নির্মাণ কাজের বিলের বিপরীতে উৎসে কর কর্তনের বিষয়ে মতামত প্রদান

সূত্র : CSI Constructions Ltd-The Builders Engineer's (JV) কর্তৃক স্মারক নং- CSI/LT/2025/09/0259, তারিখঃ ২৯ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ

আদিষ্ট হয়ে উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সূত্রোক্ত পত্রের মাধ্যমে CSI Constructions Ltd-The Builders Engineer's (JV) কর্তৃক নির্মাণ কাজের বিলের বিপরীতে উৎসে কর কর্তনের বিষয়ে মতামত প্রদানের জন্য জাতীয় রাজস্ব বোর্ডের কর নীতি উইং এর নিকট অনুরোধ জানানো হয়েছে। বিষয়টি পর্যালোচনান্তে জাতীয় রাজস্ব বোর্ডের কর নীতি উইং থেকে নিম্নরূপ মতামত প্রদান করা হলো:

"চুক্তি অনুসারে যদি মোট পরিশোধিত বিলের মধ্যে মূল্য সংযোজন কর অন্তর্ভুক্ত থাকে তবে উক্ত বিল থেকে মূল্য সংযোজন করের অঙ্ক বাদ দিয়ে উৎসে আয়কর কর্তনের জন্য ভিত্তিমূল্য নিরূপণ করতে হবে এবং উক্তরূপ নিরূপিত ভিত্তিমূল্যের উপর প্রযোজ্য হারে উৎসে আয়কর কর্তন করতে হবে।

বিষয়টি গানিতিকভাবে নিম্নরূপ:

উৎসে আয়করের জন্য ভিত্তিমূল্য = মূল্য সংযোজন করসহ বিল- মূল্য সংযোজন কর
উৎসে কর্তনযোগ্য আয়করের পরিমাণ = মূল্য সংযোজন কর বাদে বিল (ভিত্তিমূল্য) x ৫%।"

১৩/১০/২০২৫
(নুসরাত ফারজানা)
দ্বিতীয় সচিব (কর আইন-১)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

প্রাপক:
জনাব মাহবুবুর রহমান
ম্যানেজিং পার্টনার
CSI Constructions Ltd-The Builders Engineer's (JV)
সোনারগাঁও জনপথ রোড, উত্তরা, ঢাকা-১২৩০

সংযুক্তি-৬

ই-মেইল/জিইপি/বাহক
প্রাপ্তি স্বীকারসহ রেজিঃ ডাকযোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট
১৫২/১, এস ইসলাম পার্ক ভিউ, পার্ক রোড, ছোটরা, কুমিল্লা
www.cevccomilla.gov.bd

স্মারক নম্বর: ৪র্থ/এ-১২(২০৯)/মূসক/বিবিধপত্রালাপ/কুঃকমিঃ/২০২৫/৬৫৫০ তারিখ: অগ্রহায়ণ ১৪৩২ / ২৪ ডিসেম্বর ২০২৫

বিষয়: ভ্যাট, আয়কর ও জামানত কর্তন বিষয়ে মতামত প্রদান প্রসঙ্গে।

সূত্র: আপনার দপ্তর কর্তৃক প্রেরিত পত্র স্মারক নং-৪৬.০২.১৯৫৪.০০০.৮৮১.০৬.২৫.৯১০, তারিখঃ ০২/১২/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সূত্রীয় পত্রটি পর্যালোচনা করা হয়। পত্রে বর্ণিত হিসাব ও ছক এর আলোকে প্রতীয়মান হয় যে, পত্রের মূল বিবেচ্য বিষয় হলো ঠিকাদারের দাখিলকৃত বিলটি 'ভ্যাটসহ' (Inclusive VAT) নাকি 'ভ্যাট বাদে' (Exclusive VAT)। সরকারি টেন্ডার বা পিপিআর (PPR) অনুযায়ী ঠিকাদার সাধারণত যে দর (Rate) উদ্ধৃত করেন তা ভ্যাট ও ট্যাক্সসহ (Inclusive) হয়ে থাকে। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ২(২৯) এর আলোকে যখন কোনো পণ্যের বা সেবার মূল্য 'ভ্যাটসহ' (Inclusive) হয়, তখন সেখান থেকে ভ্যাট বের করার জন্য 'কর ভগ্নাংশ' (Tax Fraction) পদ্ধতি ব্যবহার করতে হয়। অর্থাৎ মূসকের পরিমাণ= [ (মূসকসহ মূল্য পণ বা সাকুল্য বিল × মূসক হার)/ (১০০ + মূসক হার)] এই সূত্র অনুযায়ী Inclusive VAT হিসাব করা হয়। আরও সহজ করে বললে সাকুল্য বিল ১০০ টাকা হলে এবং বিলের মূসক হার ১০% এর ক্ষেত্রে মূসকের পরিমাণ হবে ৯.০৯ টাকা। সে হিসেবে উপজেলা প্রকৌশল দপ্তরের হিসাব পদ্ধতিটি আইনত সঠিক।

০৩। কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট শুধুমাত্র কাস্টমস(প্রযোজ্য ক্ষেত্রে) ও মূসক সংক্রান্ত বিষয়ে আইনি মতামত দেয়ার এখতিয়ার রাখে। কাস্টমস ও মূসক সংক্রান্ত বিষয় ব্যতীত আয়কর ও জামানত সংক্রান্ত বিষয়ে মতামত দেয়ার আইনি এখতিয়ার এ দপ্তরের নেই।

০৪। বিষয়টি আপনার অবগতির জন্য প্রেরণ করা হলো।

23.12.25

মোঃ আতিকুর রহমান
সহকারী কমিশনার
কমিশনারের পক্ষে।
ফোনঃ ০২-৩৩৪৪৪৮১০১
e-mail: cevccomilla@gmail.com

প্রাপক
জনাব সৈয়দ মেহেদী হাসান
উপজেলা প্রকৌশলী (অঃ দাঃ)
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
উপজেলা প্রকৌশলীর কার্যালয়, হোমনা, কুমিল্লা।